


ত্রিপুরা সরকার
উপজাতি কল্যাণ দপ্তর

উপজাতি সম্প্রদায়ের প্রধান সমাজপতিদের সান্মানিক ভাতা প্রদান সম্পর্কিত বিজ্ঞপ্তি

উপজাতি জনগোষ্ঠীর উন্নয়ন তথা রাজ্যের সার্বিক বিকাশে বিভিন্ন উপজাতি সম্প্রদায়ের প্রধান সমাজপতিদের অবদানের স্বীকৃতি স্বরূপ রাজ্য সরকার উপজাতি সম্প্রদায়ের প্রধান সমাজপতিদের সান্মানিক ভাতা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। উপজাতি সম্প্রদায়ের প্রধান সমাজপতিদের সান্মানিক ভাতা প্রদান সম্পর্কিত একটি প্রকল্পের নির্দেশিকাও ইতিমধ্যেই রাজ্য সরকার জারি করেছে। উক্ত প্রকল্পের অধীনে, সান্মানিক ভাতা গ্রহণে ইচ্ছুক; রাজ্যের বিভিন্ন উপজাতি সম্প্রদায়ের প্রধান সমাজপতিদের অনুরোধ করা হচ্ছে, তারা যেন আগরতলায় গোর্খাবাস্তিস্থিত উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তার অফিসে আগামী ২৩ শে নভেম্বর, ২০২০ইং তারিখের মধ্যে, নির্দিষ্ট ফর্মে আবেদন পত্র দাখিলের মাধ্যমে নিজ নিজ নামের নথিভুক্তকরণ করেন। আবেদন পত্রের নমুনা ও প্রকল্প সম্পর্কিত বিস্তারিত তথ্য উপজাতি কল্যাণ দপ্তরের ওয়েবসাইট (www.https://twd.tripura.gov.in) এ দেওয়া আছে।

স্বাক্ষর


(এল.টি. ডালং)
অধিকর্তা

উপজাতি কল্যাণ দপ্তর।